

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবের সাথে আইএম জাপানের সিনিয়র এক্সিকিউটিভের সৌজন্য সাক্ষাৎ

আজ সকাল-১০.০০ টায় ঢাকার ইন্টারন্ট প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সাথে জাপানের ইন্টারন্যাশনাল ম্যানপ্যাওয়ার ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (আইএম জাপান) সিনিয়র এক্সিকিউটিভ ডাইরেক্টর কাজু তুশবোতা (Kazuo Tsubota) এক সৌজন্য সাক্ষাৎ করেন।

আইএম জাপানের সিনিয়র এক্সিকিউটিভ ডাইরেক্টর কাজু তুশবোতা টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের প্রক্রিয়া এবং বাংলাদেশ থেকে টেকনিক্যাল ইন্টার্ন নেওয়ার বিষয়ে তাদের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে ভারপ্রাপ্ত সচিব-কে অবহিত করেন। ভারপ্রাপ্ত সচিব বাংলাদেশ থেকে আরও অধিক সংখ্যক টেকনিক্যাল ইন্টার্ন এবং পুরুষের পাশাপাশি মহিলা টেকনিক্যাল ইন্টার্ন নেওয়াসহ জাপানে কেয়ার গিভার পদে মহিলা কর্মী নেওয়ার অনুরোধ জানান। উল্লেখ্য, জাপানের ইন্টারন্যাশনাল ম্যানপ্যাওয়ার ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (আইএম জাপান) সহায়তায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱৰো (বিএমইটি)-র মাধ্যমে বাংলাদেশ হতে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইএম জাপান এর মধ্যে সমরোতা স্মারক স্বাক্ষরিত হয়। এতে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণ সংক্রান্ত বিষয়ে টেকনিক্যাল ইন্টার্নদের কোন অভিবাসন ব্যয় বহন করতে হবে না অর্থাৎ তারা বিনা খরচে জাপানে কাজ করার সুযোগ পাবে। এমনকি তাদেরকে বিমান ভাড়াও প্রদান করতে হবে না; আইএম জাপান তাদের বিমান ভাড়া বহন করবে। এছাড়াও সাক্ষাৎকালে জাপানে আগামী ৩০ আগস্ট ২০১৭ তারিখে টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে তিন বছরের জন্য ১০ জন গমন এবং আরও টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। পরে ভারপ্রাপ্ত সচিব বাংলাদেশের পক্ষ হতে সিনিয়র এক্সিকিউটিভ ডাইরেক্টর কাজু তুশবোতা-কে ধন্যবাদ জানান।

সাক্ষাৎকালে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱৰো'র মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ সুজায়েত উল্যা, উপপ্রধান কেএম আলী রেজা ও জাপানে অবস্থিত শ্রম উইং এর প্রথম সচিব মোঃ জাকির হোসেন উপস্থিত ছিলেন।

